

সমকাল

তারিখ ... ১১ ৯-১১-২০১৫ ...
১৯

শিক্ষা মন্ত্রণালয়ের নামে প্রতারণা, সতর্ক থাকার আহ্বান

■ সমকাল প্রতিবেদক
শিক্ষামন্ত্রীর পিএস পরিচয়ে একটি চক্র দেশের বিভিন্ন স্থানে প্রতারণার চেষ্টা চালাচ্ছে বলে সমকালে সংবাদ প্রকাশের পর বিষয়টি নিয়ে সবাইকে সতর্ক থাকার পরামর্শ দিয়ে বিজ্ঞপ্তি জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। গতকাল বুধবার বিকেলে এক 'জরুরি সংবাদ বিজ্ঞপ্তি' দিয়ে মন্ত্রণালয়ের পক্ষ থেকে এই সতর্কতা জারি করা হয়। শিক্ষামন্ত্রী ও মন্ত্রণালয়ের বিভিন্ন কর্মকর্তার নাম ভাঙিয়ে একটি চক্র দেশে প্রতারণামূলক কর্মকাণ্ড চালাচ্ছে। এ মন্ত্রণালয়ের নামে কেউ কোনো ফোন কল পেলে তা নিশ্চিত হওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।